

অবিংশ MAR 1987

পৃষ্ঠা... ১ কলাম

দৈনিক ইন্ডিয়াবে

204

উপজেলা পরিক্রমা আত্রাই

আত্রাই (নওগাঁ), ১২ মার্চ
(সংবাদদাতা)।— জেলা শহর নওগাঁর প্রায় ১৯ মাইল দক্ষিণ-পূর্ব কোণে আত্রাই, যমুনা ও নাগর ভেলী নদীসহ প্রায় ৬ মাইল রেল লাইনে বেষ্টিত আত্রাই উপজেলা প্রাকৃতিক সৌন্দর্যের অনন্য অধিকারী।

১০১. বর্গ মাইল এলাকায় ৮টি ইউনিয়নের ২০৭টি গ্রামে ২৩ হাজার ৩শ' ৯টি পরিবারে প্রায় ১ লাখ ৩৯ হাজার ৫শ' ৬১ জন লোক বসবাস করে। তন্মধ্যে ২৯ হাজার ৬শ' ৯ জন সক্ষম দম্পতি। অধিকাংশই ইসলাম ধর্মাবলম্বী। তাছাড়া হিন্দু ধর্মাবলম্বী কিছুসংখ্যক আছে।

কৃষি
এই উপজেলায় ৯০% লোক কৃষির উপর নির্ভরশীল। এখানে জমির পরিমাণ ৬৪ হাজার ৬শ' ৮০ একর। এর মধ্যে আবাদী জমি ৫৪ হাজার ৪শ' ৬৮ একর। অনাবাদী জমি ৯ হাজার ৪শ' ৭৩ একর। পতিত জমি ২শ' ৪১ একর। ভিটাবাড়ী ও অন্যান্য ৩ হাজার ৫শ' ৭০ একর। একফসলী জমি ৪৪ হাজার ১শ' ৭ একর। দোফসলি জমি ৭ হাজার ৬শ' ৮২ একর। তিনফসলি জমি ২ হাজার ৬শ' ৭৮ একর।

যোগাযোগ

এ উপজেলার সাথে নদী, সড়ক ও রেল পথ অবস্থিত। সদর জেলা হতে পার্শ্ববর্তী উপজেলা পর্যন্ত সড়কটির হেডিংবোন বোল্ড কার্জ শেষ হয়েছে। সদর জেলা শহরের সাথে যোগাযোগের একটি মাত্র স্বাক্ষর সংস্কারের অভাবে চলাচলের অযোগ্য হয়ে পড়েছে। গ্রীষ্মকালে নদীতে

পানি না থাকার দরুন সে পথও বন্ধ হয়ে থাকে। রেল কর্তৃপক্ষের চরম অনিয়মের জন্য এই মৎস্যমে এলাকার অধিবাসীদের দুর্ভোগ পোহাতে হয়।

চিকিৎসা

উপজেলা সদরে অবস্থিত “উপজেলা স্বাস্থ্য কর্মপ্রের” ৩১ শয়া বিশিষ্ট একটি হাসপাতাল ও ৭টি সরকারী দাতব্য চিকিৎসালয়সহ কয়েকটি পরিবার কল্যাণ কেন্দ্র রয়েছে। ওয়েশপত্রের তীব্র সংকট ও চিকিৎসা সরঞ্জামের অভাব। উপজেলা স্বাস্থ্য কর্মপ্রেরে কোন এক্স-রে মেশিন ও এম্বুলেন্স নেই। এখানে একটি পশ্চিম চিকিৎসালয়ও রয়েছে।

শিক্ষা ব্যবস্থা

এ উপজেলায় শিক্ষার হার ২০-৩১%। এখানে মহাবিদ্যালয় ১টি, উচ্চ বিদ্যালয় ১৩টি, বালিকা বিদ্যালয় ১টি, মাদ্রাসা ৪টি, জুনিয়র হাই স্কুল ৪টি, সরকারী প্রাথমিক বিদ্যালয় ৬৭টি, বেসরকারী প্রাথমিক বিদ্যালয় ১৩টি। এছাড়া প্রাথমিক বিদ্যালয় ভবন, নির্মাণ ও মেরামত না করায় অনেক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী খোলা আকাশের নীচে পড়ালেখা করছে। তাছাড়া ধর্মীয় শিক্ষার জন্য অনেক মন্তব্যও রয়েছে।

খাল ও নদী

আত্রাই উপজেলায় ৩টি নদী, ৯টি বিল, খাস পুকুর ৫টি, ব্যক্তিগতিকানন্দীন ১৬৩টি পুকুর রয়েছে। প্রয়োজনীয় অর্থ ও অভিজ্ঞতার অভাবের জন্য অধিকাংশ পুকুরে মাছ চাষ হয় না। অবশ্য বিল-খালে কৈ, শিং, মাঘুর, পুটি, টাকি প্রভৃতি পচুর মাছ পাওয়া যায়।